



# ক্রীড়া পরিদপ্তর

---

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপস্থাপনায় — মোঃ ইকবাল হোসেন, পরিচালক (অতিরিক্ত সচিব), অতিরিক্ত দায়িত্ব, ক্রীড়া পরিদপ্তর



**সংক্ষিপ্ত পরিচিতি :** বাংলাদেশে ক্রীড়া উন্নয়নে যে সব প্রতিষ্ঠান কাজ করছে, তাদের মধ্যে ক্রীড়া পরিদপ্তর অন্যতম । যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন ক্রীড়া পরিদপ্তর আদমজী কোর্ট এনেক্স-২ ভবনের ৫ম ও ৮ম তলায় অবস্থিত।

---

**সৃষ্টির ইতিহাস :** তৃণমূল পর্যায়ে ক্রীড়ার ব্যাপক সম্প্রসারণ, উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন, স্কুল কলেজের ছাত্র/ছাত্রীদের ক্রীড়ার উন্নতিকল্পে বিভিন্ন প্রশিক্ষণ ও প্রতিযোগিতার আয়োজন, তরুণ সম্প্রদায়ের মধ্যে ক্রীড়া মানসিকতার পরিপূর্ণ উন্মেষ সাধন এবং ক্রীড়া আন্দোলনকে জোরদার করার লক্ষ্যে গত ৭/৯/১৯৭৬ ইং তারিখ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের (সংস্কৃতি ও ক্রীড়া বিভাগের) অফিস স্মারক নং-৪-ই৫/৭৬/৬৬২-সংক্রী- মোতাবেক ক্রীড়া পরিদপ্তর সৃষ্টি করা হয়।

**রূপকল্প/ Vision :** দেশের সকল শিশু, কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীকে ক্রীড়ায় উদ্বুদ্ধকরণ ও ক্রীড়ায় আগ্রহী করে গড়ে তোলা এবং ব্যাপকভাবে ক্রীড়া চর্চার মাধ্যমে প্রশিক্ষিত মানব সম্পদে পরিণত করা।

---

**অভিলক্ষ্য / Mission :** তৃনমূল পর্যায়ে ক্রীড়ার সম্প্রসারণের মাধ্যমে দেশের সকল শিশু, কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীদের ক্রীড়ায় উদ্বুদ্ধকরণ এবং ব্যাপকভাবে ক্রীড়া চর্চার মাধ্যমে প্রতিভা অন্বেষণ ও প্রতিভার বিকাশসহ ক্রীড়ার মান উন্নয়নে পরিকল্পনা গ্রহণ এবং বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন ও আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানবসম্পদে রূপান্তর করা।



**ক্রীড়া পরিদপ্তরের সর্বমোট জনবল ৪৩৭ জন**  
**প্রধান কার্যালয় জনবল-২২ জন**

ক্রমিক নং	পদবী	অনুমোদিত পদ	কর্মরত	শূন্য	শূণ্য/মন্তব্য
০১.	পরিচালক (যুগ্মসচিব)	০১	০১	০	প্রেষণে/পদোন্নতি মাধ্যমে নিয়োগ যোগ্য
০২.	উপপরিচালক	০১	০	০১	জেলা ক্রীড়া অফিসারদের মধ্যে হতে পদোন্নতির মাধ্যমে
০৩.	সহকারী পরিচালক	০২	০২	০০	জেলা ক্রীড়া অফিসারদের মধ্য হতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদায়ন
০৮.	৩য় শ্রেণি (১১-১৬ গ্রেড)	১০	১০	০০	
০৯.	৪র্থ শ্রেণি (১৭-২০ গ্রেড)	০৮	০৭	০১	
মোট =		২২	২০	০২	

## ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন

### জেলা ক্রীড়া অফিস ও সরকারি শারীরিক শিক্ষা কলেজসমূহে বর্তমান জনবল

ক্রমিক নং	নাম	মোট অনুমোদিত পদ সংখ্যা
০১.	৬৪ টি জেলা ক্রীড়া অফিস	<p style="text-align: center;"><b>মোট ১৯২ টি</b></p> <p>প্রতি জেলায় জেলা ক্রীড়া অফিসার-০১ জন, অফিস সহকারী-০১ জন, অফিস সহায়ক-০১ জন মোট ০৩ জন</p>
০২.	০৬ টি সরকারি শারীরিক শিক্ষা কলেজ	<p style="text-align: center;"><b>মোট ২২৩ টি</b></p> <p>বিভাগীয় সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা=৫৫ টি  বিভাগীয় সরকারি শারীরিক শিক্ষা কলেজ, রাজশাহী=৫৫ টি  বিভাগীয় সরকারি শারীরিক শিক্ষা কলেজ, চট্টগ্রাম=৩০ টি  খুলনা বিভাগীয় সরকারি শারীরিক শিক্ষা কলেজ, বাগেরহাট=৩৫ টি  বিভাগীয় সরকারি শারীরিক শিক্ষা কলেজ, বরিশাল=২৪ টি  ময়মনসিংহ বিভাগীয় সরকারি শারীরিক শিক্ষা কলেজ, মুন্সীগাঁ=২৪ টি</p>



## ক্রীড়া পরিদপ্তরের কার্যক্রম

- দেশের সর্বস্তরের জনসাধারণের মধ্যে ক্রীড়া সচেতনতা সৃষ্টি, ক্রীড়া ক্ষেত্রে সুষ্ঠু পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, ক্রীড়া প্রতিভার বিকাশ এবং ক্রীড়ার দ্রুত সম্প্রসারণের জন্য দেশব্যাপী শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া ক্লাবে বিনামূল্যে বিভিন্ন ক্রীড়া সামগ্রী বিতরণ করা
- ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়াপঞ্জি মোতাবেক প্রশিক্ষণ ও প্রতিযোগিতার আয়োজন
- তৃণমূল থেকে প্রতিভা অন্বেষণ পূর্বক দেশে বিদেশে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ খেলোয়াড় তৈরি করা
- ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন জেলা ক্রীড়া অফিস সমূহের মাধ্যমে তৃণমূল পর্যায়ে বিভিন্ন টুর্নামেন্ট ও প্রশিক্ষণের আয়োজন করা
- সরকারি শারীরিক শিক্ষা কলেজসমূহের মাধ্যমে ১ বছরের নিবিড় প্রশিক্ষণ প্রদানপূর্বক বিপিএড ডিগ্রি প্রদান
- সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা এর মাধ্যমে এমপিএড ডিগ্রি প্রদান।
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের খেলাধুলায় অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করা,
- বিলুপ্ত প্রায় গ্রামীণ খেলাধুলার পূর্নজাগরণ

## ক্রীড়া পরিদপ্তর কর্তৃক জাতীয় পর্যায়ে আয়োজিত টুর্নামেন্টের নাম

নং	টুর্নামেন্টের নাম	অংশগ্রহনকারী দলের সংখ্যা/অংশগ্রহনকারীর সংখ্যা
১	জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক(অনূর্ধ্ব -১৭) ও জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালিকা (অনূর্ধ্ব-১৭) আয়োজন	বালক ৮ দল এবং বালিকা ৮ দল মোট ১৬ দল
২	আন্তঃ কলেজ ফুটবল টুর্নামেন্ট আয়োজন	১৬ দল (বালক)
৩	ডেভেলপমেন্ট কাপ ফুটবল টুর্নামেন্ট আয়োজন (অনূর্ধ্ব-১৫)	০৮ দল (বালক)
৪	বিচ ফুটবল টুর্নামেন্ট আয়োজন (অনূর্ধ্ব-১৫)	বালক ৮ দল এবং বালিকা ৮ দল মোট ১৬ দল
৫	জাতীয় জুনিয়র অ্যাথলেটিক্স প্রতিযোগিতা আয়োজন	মোট ৬৪ জন (প্রতি বিভাগ থেকে ০৮জন)
৬	জাতীয় জুনিয়র সাঁতার প্রতিযোগিতা আয়োজন	মোট ৬৪ জন (প্রতি বিভাগ থেকে ০৮জন)
৭	সরকারি শারীরিক শিক্ষা আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতা	৬ টি শারীরিক শিক্ষা কলেজের ছাত্র-ছাত্রীবৃন্দ
৮	বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন	মোট ১৬০ জন (প্রতি বিভাগ থেকে ২০ জন)



❖ **বাজেট বরাদ্দ :**

❖ ২০২৪-২০২৫ অর্থ বছরের বরাদ্দ:

❖ ক্রীড়া পরিদপ্তর: ১৯,৮৯,০০,০০০/- (উনিশ কোটি উননব্বই লক্ষ টাকা)

❖ জেলা ক্রীড়া ক্রীড়া অফিসসমূহ: ১৮,৮৩,৯১,০০০/- (আঠারো কোটি তিরিশি লক্ষ একানব্বই হাজার টাকা)

❖ সরকারি শারীরিক শিক্ষা কলেজসমূহ: ১৭,১৮,০৩,০০০/- (সতেরো কোটি আঠারো লক্ষ তিন হাজার টাকা)

❖ **ক্রীড়া সামগ্রী ক্রয় সংক্রান্ত তথ্য:**

---

❖ ২০২৪-২০২৫ অর্থবছরে ক্রীড়া সামগ্রী ক্রয় খাতে বরাদ্দ ১৪,৩০,১২,০০০/- (চৌদ্দ কোটি ত্রিশ লক্ষ বারো হাজার) টাকার ক্রীড়া সামগ্রীর ই-জিপির মাধ্যমে ক্রয় করা হয়েছে।



“ক্রীড়া পরিদপ্তর ক্রীড়া সামগ্রী বিতরণ নীতিমালা-২০২৪” অনুযায়ী  
বিনামূল্যে ক্রীড়া সামগ্রী বিতরণে হার

- i) ক্রীড়া পরিদপ্তর ২০%
- ii) বাৎসরিক ক্রীড়া কর্মসূচি/প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য জেলা ক্রীড়া অফিসারদের অনুকূলে ১০%
- iii) জেলা সদরসহ উপজেলাসমূহে জেলা কমিটির মাধ্যমে বিতরণের জন্য জেলা ক্রীড়া  
অফিসারদের অনুকূলে ৭০%

## ক্রীড়া পরিদপ্তর কর্তৃক বিনামূল্যে ক্রীড়া সামগ্রীর নাম

নং	সামগ্রীর নাম
০১	ফুটবল
০২	ক্রিকেট সেট
০৩	ভলিবল এবং নেট
০৪	ব্যাডমিন্টন সেট
০৫	হ্যান্ডবল
০৬	ক্যারাম বোর্ড
০৭	দাবা সেট



## সমস্যা সমূহঃ

১. ক্রীড়া পরিদপ্তরে আইসিটি সেল ও প্রয়োজনীয় জনবল সাংগঠনিক কাঠামোতে না থাকা
২. তৃণমূল পর্যায়ে ক্রীড়ার দ্রুত সম্প্রসারণের জন্য ক্রীড়া পরিদপ্তর থেকে বিনামূল্যে বিতরণকৃত ক্রীড়া সামগ্রী অপ্রতুল।
৩. জেলা পর্যায়ে ক্রীড়া কার্যক্রম স্বচ্ছতা ও জবাব দিহিতা নিশ্চিত করার লক্ষ্যে বিভাগীয় পর্যায়ে অফিস না থাকা
৪. তৃণমূল পর্যায়ে ক্রীড়ার দ্রুত সম্প্রসারণের জন্য উপজেলা পর্যায়ে অফিস না থাকা
৫. বার্ষিক ক্রীড়া কর্মসূচী অপরিপূর্ণ
৬. বাজেটে বরাদ্দ অপ্রতুল
৭. ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচী প্রতিযোগিতা ও প্রশিক্ষণ বাস্তবায়নকারী জেলা ক্রীড়া অফিসে জনবলের সংকট।
৮. ক্রীড়া পরিদপ্তরের ও জেলা ক্রীড়া অফিসসমূহের নিজস্ব অফিস ভবন না থাকা
৯. ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন সরকারি শারীরিক শিক্ষা কলেজে অনার্স কোর্স না থাকায় ছাত্র -ছাত্রী সংকট

## চ্যালেঞ্জ:

---

- প্রয়োজনীয় দক্ষ জনবল, আইসিটি সেল না থাকা, অপ্রতুল বাজেট বরাদ্দ এবং লজিস্টিক সাপোর্টের অভাব - বাস্তবায়নের অন্যতম চ্যালেঞ্জ।



## ঢ়্যালেঞ্জ উত্তোরনের জন্য সম্ভাব্য সুপারিশসমূহ:

১. ক্রীড়া পরিদপ্তরে আইসিটি সেল ও প্রয়োজনীয় জনবল জরুরি ভিত্তিতে অর্গানোগ্রামে অন্তর্ভুক্তকরণ
২. বিনামূল্যে ক্রীড়া সামগ্রী বিতরণের জন্য বাজেটে বরাদ্দ বৃদ্ধি
৩. জেলা পর্যায়ে ক্রীড়া কার্যক্রম স্বচ্ছতা ও জবাব দিহিতা নিশ্চিত করার লক্ষ্যে বিভাগীয় পর্যায়ে অফিস স্থাপন
৪. তৃণমূল পর্যায়ে ক্রীড়ার দ্রুত সম্প্রসারণের জন্য উপজেলা পর্যায়ে অফিস স্থাপন
৫. বার্ষিক ক্রীড়া কর্মসূচী বৃদ্ধিকরণ
৬. বাজেটে বরাদ্দ বাড়ানো
৭. ক্রীড়া পরিদপ্তরের ও জেলা ক্রীড়া অফিসসমূহের নিজস্ব অফিস ভবন থাকা
৮. ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন সরকারি শারীরিক শিক্ষা কলেজে অনার্স কোর্স চালু করা

# ধন্যবাদ



ক্রীড়া পরিদপ্তর